

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৪৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ সালামের আদব সালাম দেওয়ার গুরুত্ব ও তা ব্যাপকভাবে প্রচার করার নির্দেশ

আরবী

وَعَنِ الطُّفَيْلِ بِنِ أَبُيِّ بْنِ كَعْبٍ : أَنَّهُ كَانَ يَأْتِي عَبْدَ اللهِ بِنَ عُمَرَ فَيَغَدُو مَعَهُ إِلَى السُّوقِ لَمْ يَمُرَّ عَبِدُ الله عَلَى سَقَّاطٍ وَلاَ صَاحِبِ بَيْعَةٍ وَلاَ مِسْكِينٍ قَالَ : فَإِذَا غَدَوْنَا إِلَى السُّوقِ لَمْ يَمُرَّ عَبِدُ اللهِ عَلَى سَقَّاطٍ وَلاَ صَاحِبِ بَيْعَةٍ وَلاَ مِسْكِينٍ وَلاَ أَحَد إِلاَّ سَلَّمَ عَلَيْهِ قَالَ الطُّفَيْلُ : فَجِئْتُ عَبْدَ اللهِ بِنَ عُمَرَ يَوْماً، فَاسْتَتْبَعَنِي إِلَى السُّوقِ فَقُلْتُ لَهُ : مَا تَصنْنَعُ بِالسُّوقِ وَأَنْتَ لا تَقِفُ عَلَى البَيْعِ وَلاَ تَسْأَلُ عَنِ السِّلَعِ وَلاَ تَسُومُ بِهَا وَلاَ تَسْأَلُ عَنِ السِّلَعِ وَلاَ تَسُومُ بِهَا وَلاَ تَجْلِسُ فِي مَجَالِسِ السُّوقِ ؟ وَأَقُولُ : اجْلِسْ بِنَا هاهُنَا نَتَحَدَّث فَقَالَ : يَا تَسُومُ بِهَا وَلاَ تَجْلِسُ فِي مَجَالِسِ السُّوقِ ؟ وَأَقُولُ : اجْلِسْ بِنَا هاهُنَا نَتَحَدَّث فَقَالَ : يَا أَبَا بَطْنٍ لَ وَكَانَ الطَفَيْلُ ذَا بَطْنٍ لِ إِنَّمَا نَغْدُو مِنْ أَجْلِ السَّلَامِ فَنُسَلِّمُ عَلَى مَنْ لَقِيْنَاهُ رواه مالك في المُوطَّأ بإسنادٍ صحيح

বাংলা

(৩২৪৬) তুফাইল ইবনে উবাই ইবনে কা'ব হতে বর্ণিত, তিনি আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) এর কাছে আসতেন এবং সকালে তাঁর সঙ্গে বাজার যেতেন। তিনি বলেন, 'যখন আমরা সকালে বাজারে যেতাম, তখন তিনি প্রত্যেক খুচরা বিক্রেতা, স্থায়ী ব্যবসায়ী, মিসকীন, তথা অন্য কোন ব্যক্তির নিকট দিয়ে অতিক্রম করার সময় তাকে সালাম দিতেন।' তুফাইল বলেন, সুতরাং আমি একদিন (অভ্যাসমত) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) এর নিকট গেলাম। তিনি আমাকে তাঁর সঙ্গে বাজারে যেতে বললেন। আমি বললাম, 'আপনি বাজার গিয়ে কী করবেন? আপনি তো বেচাকেনার জন্য কোথাও থামেন না, কোন পণ্য সম্পর্কে জিজ্ঞাসা করেন না, তার দর-দাম জানতে চান না এবং বাজারের কোন মজলিসে বসেনও না। আমি বলছি, এখানে আমাদের সাথে বসে যান, এখানেই কথাবার্তা বলি।' (তুফাইলের ভুঁড়ি মোটা ছিল, সেই জন্য) তিনি বললেন, 'ওহে ভুঁড়িমোটা! আমরা সকাল বেলায় বাজারে একমাত্র সালাম পেশ করার উদ্দেশ্যে যাই; যার সাথে আমাদের সাক্ষাৎ হয়, আমরা তাকে সালাম দিই।'

ফুটনোট

(মুঅত্বা মালিক ৩৫৩৩, বিশুদ্ধ সূত্রে, আল-আদাবুল মুফরাদ বুখারী ১০০৬)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন